অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/11/2025 **গভর্নর ক্যাথি হোকল**

পুনরুদ্ধার, নিয়োগ, পুনর্নির্মাণ: গভর্নর HOCHUL অবৈধ কাজ বন্ধের পরে স্টেটের সংস্কারমূলক ব্যবস্থার ভবিষ্যৎ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

নিউ ইয়র্ক জুড়ে কারাগারগুলোতে প্রায় 10,000 DOCCS নিরাপত্তা কর্মী কাজ করছেন; নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের অতিরিক্ত 6,000 সদস্য মোতায়েন অব্যাহত রয়েছে

নিউ ইয়র্ক স্টেটের কারেকশন অফিসার একাডেমিতে প্রশিক্ষণার্থীদের নিয়োগের প্রচেষ্টা অব্যাহত রেখেছে, যদিও পূর্বে প্রারম্ভিক বেতন বৃদ্ধি করার সময় এবং স্টেটের বাইরের আবেদনকারীদের অনুমতি দেওয়ার প্রস্তাব প্রদান করে

ওয়াইল্ডক্যাট ধর্মঘটে যেসকল ব্যক্তি অংশগ্রহণ করেছে গভর্নর স্টেট সার্ভিসে তাদের নিয়োগ নিষিদ্ধ করে নির্বাহী আদেশে স্বাক্ষর করেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 22 দিনের অবৈধ কর্মবিরতি শেষ হওয়ার পরে নিউ ইয়র্ক স্টেটের কারাগার ব্যবস্থার ভবিষ্যতের বিষয়ে একটি হালনাগাদ তথ্য প্রদান করেন, যা সিস্টেমটি পুনরুদ্ধার, নিয়োগ ও সংস্কারের জন্য একটি দিকনির্দেশনা প্রদান করেছে। ধর্মঘটের সমাপ্তি DOCCS ও NYSCOPBA-এর মধ্যে একটি চুক্তির চারটি প্রচেষ্টা অনুসরণ করে যা সুরক্ষা ও ক্ষতিপূরণ বিষয়ক সমস্যাসমূহকে গুরুত্ব সহকারে সমাধান করে। বর্তমানে 10,000 এরও বেশি নিরাপত্তা কর্মী কারাগারগুলোতে কাজ করছে, তাদের সহকর্মী, তাদের কমিউনিটি ও তাদের হেফাজতে থাকা ব্যক্তিদের সুরক্ষার জন্য কর্তব্য পালন করছে। নিরাপত্তা ও বেসামরিক কর্মীদের পাশাপাশি নিরাপত্তা ও সুরক্ষা বজায় রাখার জন্য 6,000 এরও বেশি ন্যাশনাল গার্ড সার্ভিস সদস্য মোতায়েন করা অব্যাহত রয়েছে। ওয়াইল্ডক্যাট ধর্মঘটে অংশ নেওয়া ব্যক্তিদের স্টেট চাকরিতে নিয়োগ নিষিদ্ধ করে গভর্নর একটি নির্বাহী আদেশেও স্বাক্ষর করেছেন।

“নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা ও কল্যাণ হচ্ছে আমার সর্বোচ্চ গুরুত্বের বিষয় - এবং আমি এই অবৈধ কর্মবিরতির অবসান ঘটাতে এবং আমাদের কারাগার ব্যবস্থায় নিরাপত্তা ফিরিয়ে আনতে দিনরাত কাজ করে যাচ্ছি,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা জননিরাপত্তা রক্ষার জন্য ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করেছি, এবং ন্যাশনাল গার্ড ও DOCCS কর্মীগণ যারা তাদের কর্মক্ষেত্রে নিয়োজিত ছিলেন, তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য সর্বোচ্চ চেষ্টা করেছিলেন আমি তাদের প্রতি কৃতজ্ঞ। আজ, আমরা পরিশেষে বলতে পরি যে এই কর্মবিরতি শেষ হয়েছে এবং আমাদের কারাগারগুলি সবার জন্য নিরাপদ করা, আমাদের কারা কর্মীদের সহায়তা করা এবং ভবিষ্যতের কারা কর্মকর্তাদের নিয়োগের দিকে অগ্রসর হচ্ছি।”

যখন অবৈধ বিক্ষোভ শুরু হয়েছিল, তখন গভর্নর Hochul (হোকল) বেসামরিক DOCCS কর্মী, কর্মরত কারা কর্মকর্তা, কারাবন্দী জনগোষ্ঠী এবং আশেপাশের কমিউনিটির নিরাপত্তা নিশ্চিত করার জন্য উল্লেখযোগ্য জননিরাপত্তা সংস্থান মোতায়েন করেছিলেন। গভর্নর স্টেট জুড়ে 6,000 জনেরও বেশি ন্যাশনাল গার্ড সার্ভিস সদস্যকে কারাগার কেন্দ্রগুলোতে মোতায়েন করেন এবং ন্যাশনাল গার্ডের গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ তাদের জন্য অতিরিক্ত কাজের জন্য ক্ষতিপূরণের অনুমোদন করেন।

শনিবার, DOCCS ও NYSCOPBA অবৈধ বিক্ষোভ বন্ধ করার জন্য চতুর্থ ও চূড়ান্ত চুক্তিতে পৌঁছেঁছে। 85 শতাংশ রিটার্ন থ্রেশহোল্ড পূরণ না করা সত্ত্বেও, স্টেট এই চুক্তির অংশগুলির পাশাপাশি 6 মার্চের চুক্তিকে সম্পূর্ণরূপে স্বীকৃতি প্রদান করে। স্টেট যেসকল চুক্তিগুলো মেনে চলবে তার উপাদানগুলোর মধ্যে রয়েছে:

- DOCCS কমিশনারকে HALT আইনের অধীনে তার বিদ্যমান বিচক্ষণতা প্রয়োগ করার এবং MOA-এর তারিখ থেকে 90 দিনের জন্য HALT প্রোগ্রামিং উপাদানগুলোর অস্থায়ী স্থগিতাদেশ অব্যাহত রাখার অনুমতি প্রদান করা অব্যাহত রাখা।
- 24-ঘণ্টা বাধ্যতামূলক ওভারটাইম কমানো ও বাতিল করার জন্য কাজ করা।
- বর্তমান কর্মীদের আরো ত্রাণ প্রদানের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানের কর্মী ও প্রাতিষ্ঠানিক অদক্ষতা বিশ্লেষণের জন্য একটি কমিটি গঠন করা।
- ধর্মঘটে অংশগ্রহণকারী কোন কর্মচারীর জন্য DOCCS যৌথ ঐক্যমত্যের চুক্তির অধীনে শৃঙ্খলার নোটিশ জারি করবে না যতক্ষণ না কর্মচারী নির্ধারিত সময়সীমার মধ্যে কাজে ফিরে আসে।
- 70/30 স্মারকলিপি বাতিল পুনঃবহাল
- যেকোনো প্রত্যাবর্তনকারী কর্মীর স্বাস্থ্য বীমা অবিলম্বে পুনর্বহাল করা।
- MOA-এর তারিখ থেকে 30 দিনের জন্য, 20 ফেব্রুয়ারি, 2025, তারিখে যৌথ চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত 2.5 গুণ ওভারটাইম রেট প্রদান করা অব্যাহত রাখুন।
- AWOL/সমাপ্ত স্বাস্থ্য বীমার প্রথম দিন পর্যন্ত সম্পূর্ণ স্টেটের অংশ এবং কর্মীর অংশের জন্য স্বাস্থ্য বীমা ক্রয়ের অনুমতি প্রদান করা হয়।
- HALT আইনের পরিবর্তন বিষয়ে নিউ ইয়র্ক আইনসভায় সুপারিশ উপস্থাপনের জন্য NYSCOPBA ও DOCCS এবং অন্যান্য পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা।

গতকাল কাজে যোগদান না করা যোকোনো কর্মচারীকে চাকরিচ্যুত করা হবে, প্রায় 2,000 চাকরিচ্যুতির নোটিশ পাঠানো হবে। গভর্নর Hochul (হোকল)একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন যেখানে একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে যেখানে ওয়াইল্ডক্যাট ধর্মঘটে অংশগহ্রণকারী ব্যক্তিদের স্টেট সার্ভিসে নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে এবং কেন্দ্রীয় পুলিশ ও শান্তি কর্মকর্তাদের রেজিস্ট্রি থেকে তাদের অপসারণের সুপারিশ করা হয়েছে, যা তাদের স্টেট ও স্থানীয় বিচারব্যবস্থায় পুলিশ বা শান্তি কর্মমর্তা হিসেবে নিয়োগ দেওয়া থেকে বিরত রাখবে।

মনোযোগ এখন ভবিষ্যৎ কারা কর্মীদের সহায়তা ও ভবিষ্যতের কারা কর্মকর্তা নিয়োগের দিকে। নিউ ইয়র্ক নতুন কারা কর্মকর্তাদের নিয়োগ ও নিয়োগ বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এর মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্কের কারেকশন অফিসার একাডেমি (Correction Officer Academy)-তে কারা অফিসার প্রশিক্ষণার্থীদের সাহায্য করা।
- কারা কর্মকর্তা হিসেবে নির্দিষ্ট পদের জন্য যোগ্যতার মানদণ্ডের সাথে সম্পর্কিত সরকারী কর্মকর্তাদের আইন সংশোধন করার জন্য এই বছরের নির্বাহী বাজেটে অনুচ্ছেদ 7 ভাষা প্রবর্তন করা, অন্যান্য স্টেট থেকে নিয়োগের অনুমতি প্রদান করা যা সম্ভাব্য আবেদনকারীদের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি করবে।
- DOCCS একটি বৃহৎ পরিসরে সোশ্যাল মিডিয়ায় নিয়োগ প্রচারণার জন্য OGS মিডিয়া সার্ভিসেসের সাথে চুক্তিবদ্ধ হয়েছে যার মধ্যে রয়েছে সোশ্যাল মিডিয়া, মাল্টিকালচারাল ডিজিটাল, স্ট্রিমিং অডিও, ভিডিও ও স্ট্যাটিক বিজ্ঞাপন সহ একটি মাল্টি-চ্যানেল পদ্ধতি যা DOCCS মিশন সম্পর্কে আরো ভালভাবে পরিচিত করে তোলে। 2025 সালের ফেব্রুয়ারি মাসে নিউ ইয়র্কের আপস্টেট কমিউনিটি কলেজ ক্যাম্পাসগুলো ও সামরিক ঘাঁটিগুলোকে লক্ষ্য করে প্রচারণা সরাসরি শুরু করেছিল।
- DOCCS স্টেটব্যাপী নিয়োগ ইউনিট বিবিন্ন স্থানে নিয়োগ কেন্দ্র পরিচালনা করছে এবং বর্তমানে ডেসটিনি USA মল (সিরাকিউস) ও চ্যাম্পলেইন সেন্টার মল (প্ল্যাটসবার্গ) এ নিয়োগ কেন্দ্র পরিচালনা করছে।
- DOCCS তাদের অভিজ্ঞতার সাথে সামঞ্জস্যপূর্ণ বেতন হারে আমাদের কারা কর্মকর্তাদের পদে কারা কর্মকর্তার অভিজ্ঞতার পাশাপাশি আবেদনকারীদের আকৃষ্ট করার জন্য একটি উন্নত পদমর্যাদা উদ্যোগ চালু করেছে।
- 2025 সালের ফেব্রুয়ারি মাসে, DOCCS নিয়োগ ইউনিট সম্মিলিতভাবে কলেজ, হাই স্কুল ও কমিউনিটি ইভেন্টগুলোতে মোট 157টি ক্যারিয়ার মেলা ও টেবিল ইভেন্টে অংশগ্রহণ করেছিল।
- 2024 সালের জুলাই মাসে, বিভাগটি “CNY200” চালু করে, যা একটি আঞ্চলিক নিয়োগ প্রণোদনা যা কারা কর্মকর্তা নিয়োগকারীদের শূন্যপদে সরাসরি নিয়োগের প্রচার করে – এটি এমন একটি প্রোগ্রাম যা আটটি কাউন্টিতে সম্প্রসারিত করা হয়েছে।
- DOCCS নিয়োগ দল NYS HELPS প্রোগ্রামে DOCCS আবেদন বৃদ্ধি করার জন্য একটি নতুন উদ্যোগ চালু করেছে, যার মধ্যে রয়েছে ক্যারিয়ার এবং কমিউনিটি ইভেন্টগুলোতে ইলেকট্রনিক জীবনবৃত্তান্ত সংগ্রহ করা এবং তাদের এলাকার কারাগারগুলোতে বিতরণ করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন